গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
ব্রাহ্মণবাড়িয়া সদর।
www.sadar.brahmanbaria.gov.bd

স্মারক নং- ০৫.৪২.১২১৩.০০০.১২.০০৯.২৩-৬৪ তারিখ: ৩১/০১/২০২৩ খ্রি.

## ১৪৩০ বাংলা সনে হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ব্রাহ্মণবাড়িয়া সদর উপজেলার ভৌগোলিক সীমার মধ্যে (পৌরসভা এলাকা ব্যতীত) অবস্থিত ইজারাযোগ্য নিম্নে উল্লিখিত হাট-বাজারসমূহ ১৪৩০ বাংলা সনের (১লা বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) জন্য সম্পূর্ণ অস্থায়ীভিত্তিতে ইজারা প্রদানের নিমিত্ত আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট হতে নির্ধারিত ফরমে সীলমোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

০১। সিডিউল প্রাপ্তির স্থানঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া;
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর;
(গ) উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর;
(ঘ) সোনালী ব্যাংক লি., ব্রাহ্মণবাড়িয়া শাখা;
(ঙ) ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানা, ব্রাহ্মণবাড়িয়া।

০২। দরপত্র দাখিলের স্থানঃ (ক) জেলা প্রশাসকের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া;
(খ) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ব্রাহ্মণবাড়িয়া সদর;
(গ) উপজেলা ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর।

০৩। দরপত্র সিডিউল ফরম বিক্রয়, দরপত্র দাখিল ও দরপত্র খোলার সময়সূচিঃ

| দরপত্র ফরম বিক্রির তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় | মন্তব্য |
|---|---|---|---|
| ০২/০২/২০২৩খ্রি.-২৮/০২/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ০১/০৩/২০২৩ খ্রি. বেলা-১:০০ ঘটিকা | ০১/০৩/২০২৩ খ্রি. বেলা-২:০০ ঘটিকা | - |
| ০২/০৩/২০২৩খ্রি.-১৪/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১৫/০৩/২০২৩ খ্রি. বেলা-১:০০ ঘটিকা | ১৫/০৩/২০২৩ খ্রি. বেলা-২:০০ ঘটিকা | ১ম পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |
| ১৬/০৩/২০২৩খ্রি.-২৮/০৩/২০২৩ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৯/০৩/২০২৩ খ্রি. বেলা-১:০০ ঘটিকা | ২৯/০৩/২০২৩ খ্রি. বেলা-২:০০ ঘটিকা | ২য় পর্যায়ে অ-ইজারাকৃত হাটের জন্য |

দরপত্র খোলার নির্ধারিত তারিখ ও সময়ে দরপত্র দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হবে।

০৪। ইজারাযোগ্য হাট-বাজারের নাম, অবস্থান, সরকারি ইজারা মূল্য, দরপত্র মূল্যঃ

| ক্রমিক নং | হাট-বাজারের নাম | যে ইউনিয়নে অবস্থিত | ১৪৩০ বাংলা সনের সম্ভাব্য সরকারি ইজারা মূল্য | দরপত্র মূল্য |
|---|---|---|---|---|
| ০১ | সুহিলপুর গরুর বাজার | সুহিলপুর | ১৩২২৫৮০০ | ২৭২০০/- |
| ০২ | চান্দপুর গরুর বাজার | মাছিহাতা | ৪৮৬৬০ | ৫০০/- |
| ০৩ | চান্দপুর তোহা বাজার | মাছিহাতা | ২৫৪১০ | ৫০০/- |
| ০৪ | চিনাইর বাজার | মাছিহাতা | ১৫৬০০ | ৫০০/- |
| ০৫ | সুহিলপুর তোহাবাজার | সুহিলপুর | ৮২৩৩০ | ৫০০/- |
| ০৬ | সুলতানপুর বাজার | সুলতানপুর | ১০৬৯৬০ | ৫০০/- |
| ০৭ | রাধিকা বাজার | সুলতানপুর | ৪১৭৩০ | ৫০০/- |
| ০৮ | মোহনপুর বাজার | তালশহর পূর্ব | ৫১০০০ | ৫০০/- |
| ০৯ | মজলিশপুর বাজার | মজলিশপুর | ১৮০১০ | ৫০০/- |
| ১০ | সেন্দ বাজার | রামরাইল | ১১৬০০ | ৫০০/- |
| ১১ | উলচাপাড়া বাজার | রামরাইল | ৬০০০ | ৫০০/- |
| ১২ | ঘাটিয়ারা বাজার | বাসুদেব | ৩০০০ | ৫০০/- |
| ১৩ | বাসুদেব বাজার | বাসুদেব | ৫০০০ | ৫০০/- |

দরপত্রের শর্তাবলী :

১। বাংলা ১৪৩০ সনের ১লা বৈশাখ হতে ১৪৩০ বাংলা সনের ৩০ শে চৈত্র পর্যন্ত ১(এক) বৎসর মেয়াদকালের জন্য হাট-বাজার ইজারা দেওয়া হইবে।

২। দরপত্রদাতাকে দরপত্রের সহিত দরপত্রে উল্লিখিত দরের ৩০% (শতকরা ত্রিশভাগ) অর্থ জামানত হিসেবে যে কোন তফসিলী ব্যাংক হইতে ব্যাংক ড্রাফট /পে-অর্ডারের মাধ্যমে উপজেলা নির্বাহী অফিসার, ব্রাহ্মণবাড়িয়া সদর এর অনুকূলে জমা দিতে হইবে। ইহার অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে। উক্ত টাকা হইতে ২৫% অর্থ ইজারা মূলের সাথে সমন্বয় করা হইবে এবং বাকী ৫% অর্থ জামানত হিসাবে সংরক্ষিত থাকিবে। ইজারা গ্রহীতা নিয়মিত হাট-বাজার নিজ খরচে পরিষ্কার না করিলে বা অন্য কোনো ক্ষতি সাধন করিলে উক্ত জামানত হইতে তাহা মিটানো হইবে। বৎসর সমাপনান্তে অব্যবহৃত টাকা জমাকারীর বরাবর প্রত্যার্পণ করা হইবে।

৩। যাহার দরপত্র গৃহীত হইবে, দরপত্র সংবাদ গৃহীত হওয়ার ০৭(সাত) কার্যদিবসের মধ্যে দরপত্রে উল্লিখিত দরের অবশিষ্ট ৭৫% (শতকরা ৭৫ ভাগ) অর্থ মোট দাখিলকৃত দরের উপর অতিরিক্ত ১০% আয়কর এবং ১৫% ভ্যাট অবশ্যই একই সঙ্গে পরিশোধ করিতে হইবে, অন্যথায় বাজারের জন্য জমাকৃত জামানত বাজেয়াপ্ত পূর্বক পুনরায় ইজারা কার্যক্রম গ্রহণ করা হইবে।

৪। প্রাপ্ত দরপত্র সর্বোচ্চ দর গ্রহণ করা হইবে এবং উক্ত অংক যদি সংশ্লিষ্ট হাট-বাজারের সরকারি মূল্যের কম হয় তাহা হইলে পুনরায় দরপত্র আহবান করা হইবে।

৫। এক হাট-বাজারের জন্য ক্রয়কৃত দরপত্র আরেক হাট-বাজারের জন্য দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না। দরপত্র গ্রহণের দিন কোনো দরপত্র সিডিউল বিক্রয় করা যাইবে না। এক দফার জন্য বিক্রয়কৃত দরপত্র অন্য দফায় আহবান কৃত হাট-বাজারের দরপত্র হিসাবে ব্যবহার করা যাইবে না।

৬। খামের উপর দরপত্রদাতার নাম, ঠিকানা ও বাজারের নাম স্পষ্টভাবে উল্লেখ করিতে হইবে।

৭। সরকার অনুমোদিত টোল আদায়ের হার মোতাবেক টোল আদায় করিতে হইবে। বিনা রশিদে টোল আদায় করা যাইবে না। ইজারাদার নিজ খরচে বাজারের দৃশ্যমান একাধিক স্থানে টোল চার্ট প্রদর্শনের ব্যবস্থা করিবেন।

৮। প্রত্যেক বাজারের জন্য পৃথক পৃথক সীলমোহরকৃত খামে দরপত্র দাখিল করিতে হইবে। দরপত্রদাতাকে দরপত্রের প্রতি পৃষ্ঠায় স্বাক্ষর করিতে হইবে।

৯। ইজারাদার কোনক্রমেই হাট-বাজার অন্যের নিকট সাব-লীজ দিতে পারিবেন না।

১০। ইজারার সমস্ত অর্থ (ভ্যাট, আয়করসহ) পরিশোধের ০৩(তিন) কার্যদিবসের মধ্যে ৩০০/-(তিন শত) টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে ইজারাদার কর্তৃক ইজারা চুক্তি সম্পাদন করিতে হইবে।

১১। দুই বা ততোধিক দরপত্র দাতার দর সর্বোচ্চ বা একই হইলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

১২। ইজারাদার নিজ খরচে হাট-বাজার পরিস্কার-পরিচ্ছন্ন রাখিবেন।

১৩। ইজারাদার নিজ খরচে একটি পরিদর্শন রেজিষ্টার সংরক্ষণ করিবেন।

১৪। কোন প্রকার ঘষা-মাজা, কাটাকাটি, লেখার উপর লেখা দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

১৫। নির্ধারিত কর্তৃপক্ষ কর্তৃক হাট-বাজার ইজারা অনুমোদিত না হইলে ইজারা বাতিল বলিয়া গণ্য হইবে এবং দখলকৃত সময়ে হারাহারিভাবে ইজারার অর্থ কর্তনপূর্বক বাকী অর্থ ইজারাদারকে প্রদান করা হইবে।

১৬। হাট-বাজারের ইজারার টাকা সরকারি দাবী আদায় আইন অনুযায়ী সার্টিফিকেট মামলার মাধ্যমে আদায় করা যাইবে।

১৭। ইজারা কার্যক্রম চূড়ান্ত না হওয়া পর্যন্ত দরদাতাগণের কোন ব্যাংক ড্রাফট/পে-অর্ডার অবমুক্ত করা হইবে না।

১৮। উল্লিখিত হাট-বাজারসমূহ ইজারা সংক্রান্ত বিষয়ে সময় সময় সরকার কর্তৃক জারীকৃত আদেশ,নির্দেশ অবশ্যই ইজারাদারকে বাধ্যতামূলকভাবে মানিয়া নিতে হইবে।

১৯। চুক্তিপত্রের যে কোনো শর্ত লংঘন করা হইলে ইজারা বাতিল করা যাইবে।

২০। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোনো দরপত্র গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

৩১/০১/২০২৩
মোহাম্মদ সেলিম শেখ
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণবাড়িয়া সদর।

স্মারক নং- ০৫.৪২.১২১৩.০০০.১২.০০৯.২৩-৬৪ তারিখ: ৩১/০১/২০২৩ খ্রি.

অনুলিপিঃ সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো-

১। মহাপরিচালক, সিপিটিইউ, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭। বিজ্ঞপ্তিটি পিপিআর ২০০৮ অনুযায়ী সিপিটিইউ'র ওয়েব সাইটে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য সবিনয় অনুরোধ করা হলো।
২। জেলা প্রশাসক, ব্রাহ্মণবাড়িয়া।
৩। পুলিশ সুপার, ব্রাহ্মণবাড়িয়া।
৪। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ব্রাহ্মণবাড়িয়া সদর।
৫। মেয়র, ব্রাহ্মণবাড়িয়া পৌরসভা, ব্রাহ্মণবাড়িয়া।
৬। সহকারী কমিশনার (ভূমি), ব্রাহ্মণবাড়িয়া সদর।
৭। উপজেলা প্রকৌশলী, স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সদর।
৮। অফিসার ইন-চার্জ, ব্রাহ্মণবাড়িয়া সদর মডেল থানা, ব্রাহ্মণবাড়িয়া সদর।
৯। উপজেলা ..........................................................কর্মকর্তা, ব্রাহ্মণবাড়িয়া সদর। নোটিশ বোর্ডে লটকিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
১০। ম্যানেজার, সোনালী ব্যাংক লি., ব্রাহ্মণবাড়িয়া শাখা।
১১। সাব-রেজিস্ট্রার, ব্রাহ্মণবাড়িয়া সদর। নোটিশ বোর্ডে লটকিয়ে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য।
১২। সহকারী প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ব্রাহ্মণবাড়িয়া সদর। বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য।
১৩। চেয়ারম্যান,.....................................................ইউনিয়ন পরিষদ (সকল), ব্রাহ্মণবাড়িয়া সদর। বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য ।
১৪। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, .............................................................ইউনিয়ন ভূমি অফিস, ব্রাহ্মণবাড়িয়া সদর। বিজ্ঞপ্তিটি ঢোল সহরতের মাধ্যমে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক জারি প্রতিবেদন দাখিল করার জন্য।
১৫। সম্পাদক, দৈনিক...................................................................................................... তাঁকে বিজ্ঞপ্তিটির মূল অংশ সংক্ষিপ্ত আকারে তাঁর পত্রিকার ভেতরের পাতায় নির্ধারিত তারিখের ১৫ (পনেরো) দিন পূর্বে শুধুমাত্র ০১(এক) দিন প্রচারের জন্য অনুরোধ করা হলো।
১৬। জনাব ...........................................................প্রাক্তন ইজারাদার, ..........................................বাজার, ব্রাহ্মণবাড়িয়া সদর।
১৭। নেটিশ বোর্ড।

৩১/০১/২৩
উপজেলা নির্বাহী অফিসার
ব্রাহ্মণবাড়িয়া সদর